

# দৈনিক ইন্ডিয়া

প্রতিষ্ঠাতা অমানুল হোসেন দৈনিক মিতা

প্রযুক্তিতে কর্মমুখর তারুণ্যের লক্ষ্যে এনআইইটি

২৬ জুলাই, ২০১৭ ইং



তথ্যপ্রযুক্তিতে বেশ দ্রুতই এগিয়ে যাচ্ছে দেশ। আর এগিয়ে নেওয়ার লক্ষ্যেই প্রতিনিয়ত নেওয়া হচ্ছে প্রশিক্ষণসহ নানা উদ্যোগ। এমন একটি উদ্যোগ হচ্ছে স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (এসইআইপি)। এই

প্রকল্পের আওতায় আইটি বিষয়ক দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রফেশনাল ফ্রিল্যান্সিং, গ্রাফিক্স ডিজাইন, ওয়েব সাইট ডিজাইন ও ডেভেলপমেন্ট কোর্সসমূহ তিন মাস ও ছয় মাস মেয়াদি ২০১৭-২০১৮ অর্থ বছরে ৯৫০ জন প্রশিক্ষার্থী ফ্রি প্রশিক্ষণ, থাকা ও খাওয়া দেওয়া হবে। ঢাকা এবং নারায়ণগঞ্জে অবস্থিত ন্যাশনাল ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং টেকনোলজি (এনআইইটি)-তে চলবে এই প্রশিক্ষণ কার্যক্রম। এই প্রশিক্ষণ কার্যক্রমে যথাক্রমে এইচএসসি বা ডিপ্লোমা পাস ২০ থেকে ৪৫ বছর বয়সীরা ৩ মাসের ও ১৮ থেকে ৪৫ বছর বয়সীরা তিন মাস ও ছয় মাসের কোর্সে অংশগ্রহণ করতে পারবেন। এ বিষয়ে বিস্তারিত জানতে ০১৬৭১৫৫৫৬১৯ নম্বরে যোগাযোগ করতে পারেন।

উল্লেখ্য, গত ১৯ জুলাই বাংলাদেশ ব্যাংকের এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয় SEI P প্রজেক্ট কো-অর্ডিনেশন ইউনিট কর্তৃক বাস্তবায়নাধীন স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEI P)। এই প্রোগ্রামটি পরিচালনার জন্য বাংলাদেশ ব্যাংকের পক্ষে এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের মহা ব্যবস্থাপক শেখ মো. সেলিম এবং চিফ প্রজেক্ট কো-অর্ডিনেটর ও উপ-মহাব্যবস্থাপক মোস্তাফিজুর রহমান এবং ন্যাশনাল ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (এনআইইটি) ঢাকার পক্ষে চেয়ারম্যান প্রকৌশলী মো. আব্দুল আলীম, ন্যাশনাল ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (এনআইইটি) নারায়ণগঞ্জের পক্ষে চেয়ারম্যান প্রকৌশলী আব্দুল আজিজ স্ব-স্ব প্রতিষ্ঠানের পক্ষে চুক্তি স্বাক্ষর করেন।